৩/৬/2007

তারিখ : ........
পৃষ্ঠা ...১২... কলাম ...৬...

দৈনিক সংবাদ

শিক্ষক কর্মচারী ঐক্যজোট

# ৯ দফা চুক্তির শিক্ষক স্বার্থবিরোধী ধারা বাতিলের দাবি

নিজস্ব বার্তা পরিবেশক : শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সমাবেশে ৯ দফা চুক্তির শিক্ষক স্বার্থবিরোধী ধারা বাতিল এবং ৬ দফা বাস্তবায়ন করার জন্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে কেন্দ্রীয় শহীদ মিনারে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। জোটের প্রধান সমন্বয়কারী এম. শরীফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে যারা বক্তব্য রাখেন তারা হলেন

শিক্ষক : পৃঃ ২ কঃ ৪

## শিক্ষক : বাতিলের দাবি

( ১২ পৃষ্ঠার পর )

: সেলিম ভুঁইয়া, আবদুর রাজ্জাক, মাযহারুল হান্নান, মওলানা ইউনুস, ইসহাক হোসেন, কাজী মুহিবুর রহমান, শফিকুল আলম, লিয়াকত আলী, নুর আফরোজ জ্যোতি, জাহাঙ্গীর খান, মওলানা আবুল কালাম, মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন প্রমুখ নেতা। সমাবেশশেষে মিছিল বের করা হয়।

সমাবেশে বক্তারা বলেন, জাতীয় পার্টি এবং বিএনপি সরকারের আমলে শিক্ষকদের কিছু কিছু দাবি পূরণ করা হয়েছে; কিন্তু কখনো চুক্তি করার দরকার হয়নি। এবারই ৯ দফা দাবির ব্যাপারে চুক্তি সই করা হয়েছে। তারা এ ৯ দফা দাবির কোন কোন ধারাকে শিক্ষকদের স্বার্থের বিরোধী বলে আখ্যায়িত করেন এবং তা বাতিল করার জন্য সরকারের কাছে দাবি জানান। তারা বলেন, শিক্ষকদের স্বার্থে ৬ দফা দাবিনামা তৈরি করা হয়েছে। এ দাবিনামা অবিলম্বে মেনে নেয়া এবং তা বাস্তবায়ন করার জন্য তারা সরকারের প্রতি আহ্বান জানান।

দাবি আদায়ের লক্ষ্যে সমাবেশে আন্দোলনের পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হয়। কর্মসূচির মধ্যে রয়েছে : ৯ই জুন যশোরে খুলনা বিভাগ, ১৬ই জুন চট্টগ্রাম, ২২শে জুন সিলেট, ২৩শে জুন বরিশাল এবং ২৫শে জুন রাজশাহীতে বিভাগীয় সমাবেশ। তাছাড়া ২রা জুলাই ঢাকায় মহা-অবস্থান কর্মসূচি পালন করা হবে বলে